গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর

বিষয়: "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস'' শীর্ষক প্রকল্পের আওতায় প্যাকেজ-২ (শিবপুর উপজেলা, রায়পুরা উপজেলা, ঈশ্বরগঞ্জ উপজেলা) এর জন্য নিযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত Final Plan এর উপর Technical Management Committee (TMC) এর গত ১২.৪.২০১৮ তারিখের কার্যবিবরনী প্রসঙ্গে।

---

| | |
|---|---|
| সভাপতি | ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক<br>পরিচালক |
| সভার তারিখ | ১২/০৪/২০১৮ |
| সভার সময় | সকাল ১০.৩০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ, নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| উপস্থিতি | সভার উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত করা হলো। |

২। অনুষ্ঠানের শুরুতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ জানান। পরিচয় পর্ব সম্পন্ন হওয়ার পর তিনি Final Plan সম্পর্কে সম্যক ধারণা উপস্থাপন করার জন্য প্যাকেজ-০২ এর টিম লিডার ড. নূরুল ইসলাম নাজেম কে আহবান জানান।

৩। প্যাকেজ নং-২ এর পরামর্শক প্রতিষ্ঠানের **টিম লিডার ড. নুরুল ইসলাম নাজেম** প্রকল্পের Final Plan এর মূল বিষয়গুলো সংক্ষিপ্ত ভাবে Power Point এর মাধ্যমে সচিত্র উপস্থাপন করেন। তিনি ১৪ উপজেলা প্রকল্পের প্যাকেজ-০২ অর্থাৎ *শিবপুর উপজেলা, রায়পুরা উপজেলা, জেলা- নরসিংদী এবং ঈশ্বরগঞ্জ উপজেলা, জেলা- ময়মনসিংহ* এর জন্য প্রণীত পাঁচ স্তর বিশিষ্ট উন্নয়ন পরিকল্পনার প্রতিটি উপজেলার Vision, Objectives, Upazila at a Glance, Regional Context of Upazila, Projected Population, 5 Tiers of Development Plan, Plan Preparation Methodology, Conducted Surveys, Existing Land Use, Existing Road Network, Cropping Pattern, DEM, Inundation Map, Agricultural Land Suitability, Geological Land Suitability, Land Suitable for Human Settlement, Urban Land Suitability, PRA Analysis, Planning Standard, Stakeholder Consultation meeting & Workshop, Public Hearing, Sub Regional Plan, SDG's and Proposed Plan, Structure Plan, Proposed Urban Area Plan, Proposed Rural Area Plan, Drainage Plan, Road Network Plan, Contingency Plan, Action Area Plan, Development Project scheme এর list উপস্থাপন করেন। সহ উপস্থাপন করেন। অতঃপর পরামর্শক প্রতিষ্ঠানের পরিকল্পনাবিদ মোঃ আবদুল্লাহ আল ফাহাদ প্রতিটি প্রস্তাবনার দাগসূচী যৌক্তিকতা GIS database এর মাধ্যমে সহ তুলে ধরেন। তিনি Public Hearing এর মতামত ও কিভাবে address করা হয়েছে তার বর্ননা দেন।

৪। সভাপতি মহোদয় অতঃপর সকল TMC সদস্যদের উত্থাপিত Final Plan এর উপর তাদের মতামত আহবান করেন। আলোচনার প্রারম্ভে ঈশ্বরগঞ্জ উপজেলার **উপজেলা নির্বাহী অফিসার এলিশ শরমিন**-ঈশ্বরগঞ্জ উপজেলার জন্য medium Growth rate, একশন এরিয়া প্ল্যান ৫ বছর, অন্যান্য পরিকল্পনার স্তর ১০-২০ বছরের জন্য কেন এবং এগুলো কি জাতীয় পরিকল্পনার সাথে সম্পৃক্ত কিনা তা জানতে চান। এ ব্যাপারে প্রকল্পের টিম লিডার জানান যে, Population Projection Exponential Growth Rate Method এ করা হয়েছে এবং ২০০১ থেকে ২০১১ সালের ঈশ্বরগঞ্জ উপজেলার Growth rate analysis করে ১.৩৭% নির্ধারন করে Population Projection করা হয়েছে। তাছাড়া প্রকল্প পরিচালক জানান যে, অত্র প্রকল্পের Action Area plan ১-৫ বছর ধরা হয়েছে এবং প্ল্যানটি প্রতি ৫(পাঁচ) বছর পর পর Review/পর্যালোচনা করে Update করার Mandate আছে। তিনি

আরো জানান যে, পরিকল্পনার অন্যান্য স্তর যেমন-Sub-regional Plan, Structure Plan এই দুইটি ২০ বৎসর মেয়াদী এবং Urban Area Plan, Rural Area Plan পরিকল্পনার ক্ষেত্রে ১০ বছর মেয়াদ ধরা থাকে। এই প্রকল্পের Development Plan সময় সীমার মত না তবে জাতীয় পরিকল্পনার সাথে সর্ম্পকিত। UNO মহোদয় উপজেলা পর্যায়ে পরিকল্পনা বাস্তবায়নে Co-ordination এর বিষয়ে জোর তাগিদ দেন। তিনি পরিকল্পনা মাফিক উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে সমস্যা ও সম্ভাবনার বিষয়ে বিস্তারিত ভাবে তুলে ধরেন। তিনি প্ল্যান বাস্তবায়নের বিষয়ে জানতে চাইলে পরিচালক মহোদয় জানান যে, নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত নগর ও অঞ্চল পরিকল্পনা আইন বাস্তবায়ন হলে পরিকল্পনা বাস্তবায়ন সহজতর হবে। তবে স্থানীয় পর্যায়ে কর্মরত সরকারী সংস্থাগুলো তাদের বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রণয়নে এই মহাপরিকল্পনা হতে Guideline পাবেন। এমনকি DPP/Scheme প্রণয়নে Action Area Plan নিয়ে এখনই কাজ শুরু করতে পারেন।

৫। রেলওয়ে প্রতিনিধি **উপ-পরিচালক (ভূ সম্পত্তি) জনাব মোঃ সুলতান আলী** জানতে চান যে, উপস্থাপিত তিনটি উপজেলার মাটির নীচে সম্পদ (বিশেষ করে খনিজ সম্পদ) বিষয়ে কোন Study করা হয়েছে কিনা? এ প্রসঙ্গে পরামর্শক প্রতিষ্ঠানের ভূতত্ত্ববিদ মোঃ জামাল উদ্দিন বলেন যে, না খনিজ সম্পদ বিষয়ে কোন Study করা হয়নি তবে ১০০ ফুট মাটির নীচের কোন খনিজ পদার্থের সন্ধান অত্র প্যাকেজের তিনটি উপজেলায় পাওয়া যায়নি।

৬। টি.এম.সি সভার সভাপতি **পরিচালক ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক**, ঈশ্বরগঞ্জ উপজেলায় তারুন্দিয়া ইউনিয়নে Water body এর মাঝখানে রাস্তার বিষয়ে জানতে চান। এ প্রসঙ্গে টিম লিডার বলেন যে, এ রাস্তাটি বিদ্যমান এবং রাস্তাটি বর্ষার মৌসুমেও তলিয়ে যায় না। তিনি সভাকে জানান যে, জায়গাটির নাম কেইলার বিল এবং এটি জীব বৈচিত্র্য পূর্ন একটি বিল। SOB এর প্রতিনিধি বলেন যে, Map এ প্রদর্শিত রাস্তার রংটি পরিবর্তন করা দরকার এবং Rail line এর Legend আরও visible হওয়া দরকার। এ প্রসঙ্গে টিম লিডার বলেন যে, তাঁর দল বিষয়গুলো লিপিবদ্ধ করে নিয়েছে যা অবশ্যই সংশোধন করে চুড়ান্ত করবেন। সভাপতি মহোদয় কেইলার বিলটিকে Environmentally Critical Area বলে demarcation করার প্রস্তাব দেন।

৭। ঈশ্বরগঞ্জ পৌরসভার প্রতিনিধি **সহকারী প্রকৌশলী জনাব উত্তম কুমার দাস**, পৌরসভার জন্য Waste disposal site এর কোন প্রস্তাবনা আছে কিনা এবং থাকলে কোথায় এবং জায়গার পরিমান কত তাহা জানতে চান। এ প্রসেঙ্গ পরামর্শক প্রতিষ্ঠানের Urban Planner জনাব মোঃ আবদুল্লাহ আল ফাহাদ GIS file এ Waste Disposal Site এর মৌজার দাগ নম্বরসহ পৌরসভার ৩নং ওয়ার্ডে প্রস্তাবিত অবস্থান তুলে ধরেন।

৮। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি **সিনিয়র সহকারী প্রধান জনাব আবুল বাকের মোঃ তৌহিদ টিম** লিডারের উপস্থাপনায় প্রতিটি উপজেলার জন্য প্রস্তাবিত Project listing থাকায় ধন্যবাদ জানান। তিনি Housing প্রস্তাবনার ক্ষেত্রে এ Land Readjustment পদ্ধতিতে site select করে দেয়ার মতামত দেন। তিনি Population Density অনুযায়ী Urban Facilities এর Proposal প্রণয়নের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি অন্যান্য সংস্থা সমূহের DPP প্রণয়নে এই Master Plan ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এ বিষয়ে টিম লিডার বলেন যে, উপস্থাপিত প্রস্তাবনাগুলোর ক্ষেত্রে থেকে Density Map প্রণয়ন করে সিদ্ধান্ত নেয়া হয়েছে।

৯। উপস্থাপনার এ পর্যায়ে পরামর্শক প্রতিষ্ঠানের **আরবান প্ল্যানার আব্দুল্লাহ আল ফাহাদ** শিবপুর উপজেলার প্ল্যান উপস্থাপন করেন।

১০। শিবপুর পৌরসভার **সহকারী প্রকৌশলী জনাব মুহাম্মদ কাইয়ুম চৌধুরী** শিবপুর পৌরসভার Drainage Master Plan বিষয়ে জানতে চান। পরামর্শক প্রতিষ্ঠানের **Hydrologist জনাব আদিবুল আবেদীন** জি. আই.এস File এ শিবপুর পৌরসভার জন্য প্রণীত Drainage Plan উপস্থাপন করেন। পৌরসভার প্রতিনিধি RL বিষয়ে জানতে চাইলে Hydrologist জানান যে, Geo-database হতে RL সহজেই জানা যাবে। তিনি রাস্তা করার ক্ষেত্রে জমি অধিগ্রহনের সমস্যা বিষয়ে কথা বলেন। এ প্রসঙ্গে টিম লিডার বলেন যে, Negotiation এর মাধ্যমে সমাধান করা যেতে পারে। এ প্রসঙ্গে পরিচালক মহোদয় প্ল্যান বুকে বিধি মোতাবেক Compensation দেওয়ার বিষয়টির কথা উল্লেখ থাকবে বলে জানান।

১১। পরবর্তীতে পরামর্শক প্রতিষ্ঠানের **আরবান প্ল্যানার আব্দুল্লাহ আল ফাহাদ** রায়পুরা উপজেলার প্রণীত Final Plan সভায় উপস্থাপন করেন।

১২। রায়পুরা **উপজেলা প্রকৌশলী জনাব শাহ্ আলম** বলেন যে, প্রস্তাবিত প্ল্যানে উপজেলার চরের ৬টি ইউনিয়নকে Connect করার Road proposal আছে কিনা তা জানতে চান। এ প্রসেঙ্গে Urban Planner GIS এর মাধ্যমে উপস্থাপনায় রাস্তার Connectivity দেখান। এতে পরিচালক মহোদয় নদীর ভাঙ্গন প্রবণ এলাকাতে Embankment cum Road করার

বিষয়টি বিবেচনা করতে বলেন। উপজেলা প্রকৌশলী প্ল্যানে Implementation Mechanism বিষয়টি অর্ন্তভূক্তির আহবান জানান। তিনি রায়পুরা উপজেলার Rail line এর Grade-separated Crossing বিশেষ করে Tunnel Pass এর প্রস্তাব করেন দুর্ঘটনা এড়ানোর জন্য।

১৩। সভাপতি মহোদয় রায়পুরা উপজেলার জন্য প্রণীত Action Area Plan এ প্রস্তাবিত Resort এলাকাকে Eco-Resort এলাকা ঘোষনার প্রস্তাব এবং Musapur এর Action Area Plan এ in and Out এর রাস্তার প্রস্তাব রাখার ব্যাপারে মতামত ব্যক্ত করেন।

১৪। WARPO এর প্রতিনিধি **মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. আমিনুল হক** প্ল্যান Implementation Mechanism এর বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি Communication এর ক্ষেত্রে Waterway কে Enhance করার বিষয়ে জোর দেন যাতে Road এর উপর অতিরিক্ত চাপ না পড়ে। তিনি রিপোর্টে সূত্র হিসেবে Field Survey,2015/2016 উল্লেখ করা যুক্তিযুক্ত বলে মতামত দেন।

১৫। LGED এর প্রতিনিধি **সহকারী প্রকৌশলী সোহানা পারভীন** প্রণীত প্ল্যানটি SDG এর সাথে সমন্বয় করে উপস্থাপন করার জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন যে, এখানে SDG এর ১৭ (সতেরো) টি Goal এর বিভিন্ন Target গুলো কিভাবে এ মহাপরিকল্পনা দ্বারা আরো ভালোভাবে Address করা যায় সে বিষয়ে গুরুত্ব দিতে বলেন। পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বিষয়টি বিবেচনায় নিয়েছেন বলে সভায় আশ্বস্ত করেন।

১৬। প্রকল্প ব্যবস্থাপক প্রতিটি উপজেলার জন্য প্রস্তাবিত প্ল্যানে Solar Park এবং *শিবপুর উপজেলা এবং ঈশ্বরগঞ্জ উপজেলায়* Rainwater Harvesting এর প্রস্তাবনা রাখার বিষয়ে মতামত ব্যক্ত করলে পরামর্শক প্রতিষ্ঠানের টিম লিডার বিষয়টি বিবেচনায় নিয়েছেন বলে সভায় আশ্বস্ত করেন।

১৭। এ পর্যায়ে সভাপতি মহোদয় সকল সদস্যগণকে সুচিন্তিত মতামত প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সবশেষে প্রকল্প পরিচালক উপর্যুক্ত সংশোধনীসমূহ অর্ন্তভূক্তি সাপেক্ষে Final Plan টি গ্রহণ করা যেতে পারে কিনা তা সকল TMC সদস্যদের উদ্দেশ্যে জানতে চান। এ বিষয়ে সকল সদস্য Final Plan গ্রহণে একমত পোষণ করেন।

<u>সিদ্ধান্ত সমূহঃ</u>

১। প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপক আলোচনায় সুপারিশকৃত সংশোধনীসমূহ Final Plan এ এসেছে কিনা নিশ্চিত করবেন।
২। Land Use অনুযায়ী মৌজার তফসিল তৈরী করতে হবে।
৩। সংশোধনীসমূহ অন্তর্ভূক্তি সাপেক্ষে Final Plan অনুমোদন করা হ'ল।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে আবার ও ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. খুরশীদ জাবিন হোসেন তৌফিক
পরিচালক

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.১৪.০০৯.১৭.৫৫

তারিখ: ৬ বৈশাখ ১৪২৫
১৯ এপ্রিল ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর

২) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ

৩) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ

৪) ড. আমিনুল হক, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, ওয়ারপো ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৩।

৫) উপপরিচালক, ভূ-সম্পত্তি শাখা, বাংলাদেশ রেলওয়ে

৬) সহকারী কমিশণার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা-নরসিংদী।

৭) আবুল বাকের মোঃ তৌহিদ, সিনিয়র সহকারী প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।

৮) মোঃ শামসুল আলম মজুমদার, নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন, ১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা ,বাংলাদেশ অভ্যমন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, ঢাকা-১০০০।

৯) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা-৩ শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

১০) মোঃ শহিদুজ্জামান খান, উপজেলা প্রকৌশলী, শিবপুর উপজেলা, জেলা-নরসিংদী।

১১) মোঃ শাহ্ আলম মিয়া, উপজেলা প্রকৌশলী, উপজেলা-রায়পুরা, জেলা-নরসিংদী।

১২) মোঃ আবুল কালাম আজাদ, প্রোগ্রামার সমন্বয়কারী, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১৩) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয়, ২য় তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৪) উপ-বিভাগীয় প্রকৌশলী, প্লানিং উপ-বিভাগ-২, সড়ক ও জনপথ অধিদপ্তর

১৫) সিনিয়র প্ল্যানার, টাউন প্লানিং, নগর উন্নয়ন অধিদপ্তর

১৬) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর

১৭) সোহানা পারভীন, সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাও, ঢাকা।

১৮) উত্তম কুমার দাস, সহকারী প্রকৌশলী, ঈশ্বরগঞ্জ পৌরসভা, উপজেলা- ঈশ্বরগঞ্জ পৌরসভা, জেলা-ময়মনসিংহ।

১৯) মুহাম্মদ কাইয়ুম চৌধুরী, সহকারী প্রকৌশলী, শিবপুর পৌরসভা, জেলা-নরসিংদী।

২০) কৃষ্ণ দয়াল রায়, সহকারী প্রকৌশলী, রায়পুরা পৌরসভা, উপজেলা-রায়পুরা, জেলা-নরসিংদী।

২১) ড. নূরুল ইসলাম নাজেম, টিম লিডার, শেলটেক কনসালটেন্টস (প্রাঃ) লিঃ , ১/ই/২, পরিবাগ (মাজার রোড), শাহবাগ, ঢাকা-১২০৬।

২২) পরিচালক, শেলটেক কনসালটেন্টস (প্রাঃ) লিঃ , ১/ই/২, পরিবাগ (মাজার রোড), শাহবাগ, ঢাকা-১২০৬।

২৩) হিসাব রক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), হিসাব শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

২৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর

Shaheen Ahmed

জনাব শাহীন আহম্মেদ
সিনিয়র প্ল্যানার